অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/13/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 2019 নির্বাহী বাজেটে (2019 EXECUTIVE BUDGET) বোতল বিল সম্প্রসারণ (BOTTLE BILL EXPANSION) এবং প্লাস্টিক ব্যাগ নিষেধাজ্ঞা অন্তর্ভুক্ত হবে

বোতল বিল সম্প্রসারণ করছেন যা অধিকাংশ নন-অ্যালকোহল জাতীয় পানীয়ের কন্টেইনার 5 সেন্ট ফেরতের জন্য উপযুক্ত করবে

পুরো স্টেটে একবার-ব্যবহৃত প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধ করছেন

সাহসী প্রচেষ্টার ফলে আবর্জনা কম হবে, গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমে যাবে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ সুরক্ষিত থাকবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে 2019 নির্বাহী বাজেটে বোতল বিল সম্প্রসারণ এবং প্লাস্টিক ব্যাগ নিষেধাজ্ঞা অন্তর্ভুক্ত হবে। আবর্জনার সাথে লড়াই করার জন্য, গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করার জন্য এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ সুরক্ষিত রাখার জন্য গভর্নর বোতল বিল সম্প্রসারণ করার জন্য আইন অগ্রসর করছেন যার ফলে নন-অ্যালকোহল জাতীয় পানীয়ের কন্টেইনার 5 সেন্ট ফেরতের জন্য উপযুক্ত হবে। পাশাপাশি, গভর্নর কুওমো একবার -ব্যবহৃত প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধ করার আইন অগ্রসর করবেন।

"যখন ফেডারেল সরকার আমাদের পরিবেশগত অগ্রগতিকে পেছনে ঠেলে দিচ্ছে এবং দূষণকারী ও তেল কোম্পানির কাছে আমাদের কমিউনিটিকে বিক্রি করে দিচ্ছে, নিউ ইয়র্ক তখন দেশের সব তেকে শক্তিশালী পরিবেশগত পলিসি নিয়ে অগ্রসর হচ্ছে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সংস্থান রক্ষা করতে আমরা সম্ভাব্য সবকিছু করছি", **গভর্নর কুওমো বলেন।** "প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধ করতে এবং রিসাইক্লিং প্রচারণা করতে এইসব সাহসী পদক্ষেপ আমাদের কমিউনিটির বর্জ্য হ্রাস করবে, আমাদের পানি সুরক্ষা করবে এবং সবার জন্য আরো পরিচ্ছন্ন আরো সবুজ একটি নিউ ইয়র্ক তৈরি করবে।"

বোতল বিল সম্প্রসারণ

গভর্নর মারিও এম. কুওমো 30 বছর আগে সলিড বর্জ্য ব্যবস্থাপনা আইন পাশ করার পর থেকে, নিউ ইয়র্কের রিসাইক্লিং আইন পুরো স্টেটের কমিউনিটিগুলিতে বর্জ্য হ্রাস করতে সাহায্য করেছে। এই আইনের অধীনে, স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলিকে স্থানীয় রিসাইক্লিং আইন পালন করতে হয়েছে যা উৎসেই রিসাইকেলযোগ্য পদার্থ পৃথক করে ফেলে, যার ফলে 320 মিলিয়নের বেশি রিসাইকেলযোগ্য বর্জ্য বন্দোবস্ত থেকে সরে এসেছে, এর ফলে

প্রক্রিয়ায় 1 বিলিয়ন মেট্রিক টনের বেশি কার্বন ডিঅক্সাইড হ্রাস পেয়েছে কারণ ল্যান্ডফিলের মিথেন নির্গমন হ্রাস পেয়েছে এবং প্লাস্টিক ও কাঁচ উৎপাদনে শক্তি ও জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস পেয়েছে।

বর্জ্য হ্রাস ও পরিবেশ রক্ষায় পরবর্তী প্রদান পদক্ষেপ গ্রহণের জন্য, গভর্নর কুওমো বোতল বিল সম্প্রসারণ করবেন যার ফলে নন-অ্যালকোহল জাতীয় পানীয়ের কন্টেইনার 5 সেন্ট ফেরতের জন্য উপযুক্ত হবে, এর মধ্যে রয়েছে স্পোর্টস পানীয়, এনার্জি পানীয়, ফল ও সবজির পানীয় এবং তাৎক্ষণিকভাবে খাওয়ার উপযোগী চা ও কফি। বোতল বিল সম্প্রসারণে ডেইরি দুধ, দুধের বিকল্প, নবজাতকের ফর্মুলা, সিরাপ ও ফ্লেভারিং, মেডিক্যাল প্রেসক্রিপশন ও ডায়েটারি সম্পূরকের জন্য কিছু ব্যতিক্রম অন্তর্ভুক্ত থাকবে। প্রস্তাবনাটি স্থানীয় সরকারের রিসাইক্লিং প্রোগ্রামের গোছানো ও অর্থনৈতিক বোঝাও কমিয়ে দিবে। পাশাপাশি, গভর্নর বাস্তবায়ন সমস্যা, স্টেকহোল্ডারদের ফিডব্যাকের প্রতিক্রিয়া এবং বর্ধিত জরিমানা সংক্রান্ত ব্যাপারে বোতল বিলের আইনটি সংশোধন করবেন।

এছাড়াও গভর্নর কীভাবে বোতল বিল সম্প্রসারণ করে তাতে ওয়াইন ও লিকার বোতল অন্তর্ভুক্ত করা যায় সেই ব্যাপারে শিল্পের অংশগ্রহণকারী ও খুচরা বিক্রেতাদের সাথে মিলে DEC কে একটি গবেষণা করতে বলবেন।

প্লাস্টিক ব্যাগের প্রতি নিষেধাজ্ঞা

নিউ ইয়র্কবাসীরা বার্ষিক বিলিয়ন বিলিয়ন প্লাস্টিক ব্যাগ ব্যবহার করে, যা বায়োগ্রেড হয় না, এর ফলে এলাকায় ও জলপথে বিরাট পরিমাণ বর্জ্য তৈরি হয় এবং যা নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও পরিবেশের জন্য হুমকিস্বরূপ।

2017 সালের মার্চ মাসে, গভর্নর কুওমো স্টেটজুড়ে প্লাস্টিক ব্যাগের ফলে হওয়া দূষণের একটি কম্প্রিহেন্সিভ সমাধান তৈরির জন্য নিউ ইয়র্ক স্টেট প্লাস্টিক ব্যাগ টাস্কফোর্স (New York State Plastic Bag Task Force) গঠন করেন। টাস্ক ফোর্সের সুপারিশমতো, গভর্নর গত বছর ব্যবসাগুলি তাদের ক্রেতাদের প্লাস্টিকের বহনকারী ব্যাগ প্রদান করতে পারবে না এই মর্মে একটি প্রোগ্রাম বিল নিয়ে আসেন।

একবার-ব্যবহৃত প্লাস্টিক ব্যাগের পরিবেশের উপর প্রভাব উল্লেখ করে এবং বর্জ্য হ্রাসের জন্য একটি অর্থনৈতিক ইনসেনটিভ প্রদান করে, গভর্নর কুওমো পুরো স্টেটে প্লাস্টিক ব্যাগ নিষেধাজ্ঞা প্রস্তাব করেন। এই নিষেধাজ্ঞার ফলে প্লাস্টিক ব্যাগ তৈরি ও ফেলে দেওয়ার ফলে, ব্যাগ তৈরির সময় ব্যবহৃত পেট্রোলিয়ামের ফলে এবং ল্যান্ডফিলে ব্যাগ পরিবহন করার ফলে যেই গ্রিনহাউজ গ্যাস নির্গমন হয় তা হ্রাস পাবে। DEC স্টেকহোল্ডার ও কমিউনিটি নেতাদের সাথে কাজ করে এটি নিশ্চিত করবে যে এই উদ্যোগের ফলে যাতে নিম্ন ও মধ্যম আয়ের মানুষের উপর এবং কমিউনিটির পরিবেশগত ন্যায়বিচারের উপর সামঞ্জস্যহীন প্রভাব না পড়ে, পুনর্ব্যবহারযোগ্য ব্যাগ বন্টন ও যথার্থ ক্ষেত্রে ছাড় প্রদানের মাধ্যমে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসার্ভেশন কমিশনার বেসিল সেগোস বলেছেন, "রিসাইক্লিং প্রচারণা, বর্জ্য হ্রাস এবং আমাদের পরিবেশকে প্লাস্টিক ব্যাগের বর্জ্য দ্বারা ভরে যাওয়া থেকে রক্ষা করা আমাদের শীর্ষ অগ্রাধিকার। গভর্নর কুওমোর নেতৃত্বের কল্যাণে, প্লাস্টিক ব্যাগ নিষেধাজ্ঞা ও বোতল বিল সম্প্রসারণ রিসাইক্লিং বাজার উন্নত করার এবং বর্জ্য ব্যবস্থাপনায় সংক্রমণ হ্রাসের জন্য নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টাকে জোরদার করবে। এই পদক্ষেপগুলি মিউনিসিপ্যালিটি ও খুচরা বিক্রেতাদের রিসাইক্লিং শিল্পের বৈশ্বিক

পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে সাহায্য করবে। আমাদের পরিবেশ রক্ষার্থে অতিরিক্ত উপায় খোঁজা আমরা চালিয়ে যাবো।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন